

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Chittagong University of Engineering & Technology

চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

ফোনঃ ০৩১-২৫১৬৩০৩, ফ্যাক্সঃ ০৩১-৭১৪৯১০

পিএবিএক্সঃ ৭১৪৯২০-২২ (এক্সঃ) ২১৮০

E-mail: dre@cuet.ac.bd

Web: www.cuet.ac.bd

গবেষণা ও সম্প্রসারণ অধিদপ্তর

Directorate of Research & Extension


স্মারক নং-সি.ইউ.ই.টি/গবেষণা/২০২০-২১/১২

তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্প আহ্বান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বাংলাদেশ, বিশ্ববিদ্যালয়ে গবেষণার জন্য আর্থিক সহায়তা দিয়ে আসছে। বিগত বছরগুলোর ন্যায্য উক্ত গবেষণা বরাদ্দের বিপরীতে অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট/সেন্টারের সম্মানিত শিক্ষক/শিক্ষিকাদের নিকট থেকে ২০২০-২০২১ অর্থবছর ও তদুর্ধ্ব সময়ের জন্য গবেষণা প্রকল্প DRE অফিসের নির্ধারিত ফরমে(ওয়েব সাইটঃ www.cuet.ac.bd থেকে সংগ্রহপূর্বক) আহ্বান করা যাচ্ছে। প্রতিটি গবেষণা প্রকল্পের জন্য ০৩ কপি বিভাগীয় গবেষণা কমিটির (DRC) সুপারিশসহ পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ অফিসে ০৫/১১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, প্রকল্পের মেয়াদ ০১(এক) বছর হলে প্রাক্কলিত টাকার পরিমাণ সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ মাত্র) এবং প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর হলে প্রাক্কলিত টাকার পরিমাণ সর্বোচ্চ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার মাত্র)-এর মধ্যে সীমাবদ্ধ রাখা আবশ্যিক। এছাড়া REC-এর ১৮ তম সভার ১নং সিদ্ধান্ত অনুযায়ী Contract Personnel, Stationary, Rentals, Books, Journal Paper, Paper, Photocopy, Typing, Printing, Pendrive & accessories, Publication Cost, Travel & Transportation ইত্যাদি বিষয়ে খরচের সীমা ও এতদসংক্রান্ত নীতিমালা অনুসরণ করতে হবে (ওয়েব সাইটঃ www.cuet.ac.bd থেকে সংগ্রহপূর্বক)। এছাড়াও প্রকল্পের অধীনে কোন ল্যাপটপ, প্রিন্টার, ফটোকপি মেশিন, স্মার্ট ফোন, মিডিয়া ট্যাব এবং ফার্নিচার্স ক্রয় করা যাবে না। শুধুমাত্র ডেস্কটপ কম্পিউটার ও উহার যন্ত্রাংশ কেনা যাবে। তবে সেক্ষেত্রে ক্রয়ের যথার্থতা উল্লেখ করতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ও পিএইচ.ডি ছাত্র/ছাত্রীদের চলমান গবেষণা/প্রস্তাবিত গবেষণা প্রকল্পের উপর প্রণীত প্রকল্পসমূহ অগ্রাধিকার পেতে পারে।



(অধ্যাপক ড. রনজিত কুমার সূত্রধর)

পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ

এবং

সদস্য-সচিব, REC


চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রিঃ।

স্মারক নং-সি.ইউ.ই.টি/গবেষণা/২০২০-২১/১২(৮)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরিত হলঃ

- ১। ডীন, সকল অনুষদ, চুয়েট।
- ২। সকল পরিচালক, চুয়েট।
- ৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চুয়েট। ইহা আপনার বিভাগে সকল শিক্ষকদের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে।
- ৪। চেয়ারম্যান, সকল সেন্টার, চুয়েট।
- ৫। রেজিস্ট্রার, চুয়েট।
- ৬। কম্পিউটার, চুয়েট।
- ৭। পিএস টু ভি.সি, অত্র বিশ্ববিদ্যালয় (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৮। সংরক্ষণ নথি।


ডেপুটি রেজিস্ট্রার